মানবতার কল্যাণে নিবেদিত
হেযবুত তওহীদ
(একটি অরাজনৈতিক আন্দোলন)

প্রতিষ্ঠাতা এমাম, এমামুযযামান
মোহাম্মদ বায়াজীদ খান পন্নী
সত্য প্রকাশে নির্ভীক অগ্রপথিক
প্রতিষ্ঠাকাল: ১৯৯৫

**প্রেস রিলিজ**

তারিখ: ২৮ নভেম্বর ২০২৫

# কুষ্টিয়ায় হেযবুত তওহীদের জনসভা
# দীন প্রতিষ্ঠায় জাতীয় ঐক্যের ডাক

প্রচলিত ব্যর্থ ব্যবস্থার পরিবর্তে আল্লাহর দেওয়া জীবনব্যবস্থা প্রতিষ্ঠায় সরকার, জনগণ ও রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন হেযবুত তওহীদের শীর্ষনেতা ইমাম হোসাইন মোহাম্মদ সেলিম। শুক্রবার (২৮ নভেম্বর) কুষ্টিয়ায় 'দীন প্রতিষ্ঠায় জাতীয় ঐক্যের আহ্বান' শীর্ষক দিনব্যাপী আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এই আহ্বান জানান তিনি।

হেযবুত তওহীদের ইমাম বলেন, "দেশের বর্তমান সংকট, দুর্নীতি ও অরাজকতার মূল কারণ প্রচলিত মানবরচিত 'সিস্টেম' বা জীবনব্যবস্থা। স্বাধীনতার ৫৪ বছর পেরিয়ে গেলেও এই ব্যবস্থা মানুষকে শান্তি দিতে পারেনি; বরং জাতিকে ২১ লক্ষ কোটি টাকার ঋণের জালে আবদ্ধ করেছে। সুদভিত্তিক অর্থনীতি ও ব্রিটিশ আমলের বিচারব্যবস্থা জাতিকে পঙ্গু করে দিয়েছে।"

তিনি বলেন, "শান্তি পেতে হলে এই ব্যর্থ ব্যবস্থা ছুড়ে ফেলে আল্লাহর দেওয়া জীবনব্যবস্থা গ্রহণ করার বৈপ্লবিক সিদ্ধান্ত নিতে হবে। কারণ আল্লাহর হুকুম ছাড়া অন্য কারো বিধানে শান্তি আসবে না। প্রচলিত ব্যবস্থার অধীনে ভালো মানুষও দুর্নীতি করতে বাধ্য হবে।"

এ সময় তিনি চলমান দুঃসহ পরিস্থিতি থেকে মুক্তি পেতে মানুষ আল্লাহর বিধান চায় কি না, সেই প্রশ্নে গণভোট আয়োজনের জোর দাবি জানান।

হেযবুত তওহীদের খুলনা বিভাগের আমির তানভীর আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংগঠনের প্রধান উপদেষ্টা খাদিজা খাতুন, সাধারণ সম্পাদক মো. নিজাম উদ্দীন, যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান, ডা. মাহবুব আলম মাহফুজ, রুফায়দাহ পন্নী, এস এম সামসুল হুদা ও রিয়াদুল হাসান, কেন্দ্রীয় স্বাস্থ্য বিষয়ক সম্পাদক উম্মত তিজান মাখদুমা পন্নী, নারী ও শিশু স্বাস্থ্য বিষয়ক সম্পাদক সুলতানা রাজিয়া প্রমুখ।

এর আগে শীতের কুয়াশা উপেক্ষা করে সকাল থেকেই কুষ্টিয়া ও এর আশেপাশের জেলা-উপজেলা থেকে হাজারো মানুষ খণ্ড খণ্ড মিছিল নিয়ে সমাবেশে যোগ দেন। সকাল গড়াতেই কানায় কানায় পূর্ণ হয়ে ওঠে সভাস্থল।

এস এম সামসুল হুদা
তথ্য সম্পাদক

বাসা নং ০৩, রোড নং- ২০/এ, সেক্টর- ১৪, উত্তরা, ঢাকা। ফোন: +৮৮-০২-৫৮৯৫৩৬৩৩, মোবাইল: +৮৮-০১৭৮৩৫৯৮২২২, E-Mail: hezbuttawheed1995@gmail.com, Web: hezbuttawheed.org